

🗏 সাবা | Saba | سُبَأ

আয়াতঃ ৩৪: ৩৬

া আরবি মূল আয়াত:

قُل إِنَّ رَبِّي يَبِسُطُ الرِّزِقَ لِمَن يَّشَآءُ وَ يَقدِرُ وَ لَكِنَّ اَكثَرَ النَّاسِ لَا يَعلَمُونَ ﴿٣۶﴾

বল, 'আমার রব যার জন্য ইচ্ছা রিম্ক প্রশস্ত করেন অথবা সঙ্কুচিত করেন। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।'
— আল-বায়ান

বল– আমার প্রতিপালক যার জন্য চান রিয়ক প্রশস্ত করেন বা সীমিত করেন, কিন্তু (এর তাৎপর্য) অধিকাংশ লোকই জানে না। — তাইসিকল

বলঃ আমার রাবব যার প্রতি ইচ্ছা রিম্ক বর্ধিত করেন, অথবা এটা সীমিত করেন; কিন্তু অধিকাংশ লোকই এটা জানেনা। — মুজিবুর রহমান

Say, "Indeed, my Lord extends provision for whom He wills and restricts [it], but most of the people do not know." — Sahih International

৩৬. বলুন, আমার রব যার প্রতি ইচ্ছে তার রিযিক বাড়িয়ে দেন অথবা সীমিত করেন; কিন্তু অধিকাংশ লোকই এটা জানে না।

তাফসীরে জাকারিয়া

- (৩৬) তুমি বল, 'আমার প্রতিপালক যার জন্য ইচ্ছা তার রুযী বর্ধিত করেন অথবা তা সীমিত করেন;[1] কিন্তু অধিকাংশ লোক এ বোঝে না।'
 - [1] এই আয়াতে কাফেরদের উক্ত ভুল ধারণা ও সন্দেহ দূর করা হচ্ছে যে, রুষীর প্রশস্ততা ও সংকীর্ণতা আল্লাহ তাআলার সম্ভুষ্টি ও অসম্ভুষ্টির বহিঃপ্রকাশ নয়; বরং তার সম্পর্ক আল্লাহর ইচ্ছা ও হিকমতের সাথে। এই জন্য তিনি সম্পদ যাকে পছন্দ করেন তাকেও দেন এবং যাকে অপছন্দ করেন তাকেও দেন। তিনি যাকে চান ধনী করেন এবং যাকে চান গরীব করেন।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3642

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন